

4 টীকা প্রতিক্রিয়ার ঝুঁকি

টীকা সহ যে কোনো ওষুধের ক্ষেত্রে প্রতিক্রিয়ার সম্ভাবনা থাকে। এগুলি সাধারণত খুব বড় হয় না এবং নিজে থেকেই ঠিক হয়ে যায়, কিন্তু মারাত্মক প্রতিক্রিয়াও দেখা দিতে পারে।

কোনো ফ্লু-এর টীকা নিয়েছেন এমন বেশীর ভাগ লোকেদের কোনো সমস্যা নেই।

ফ্লু-এর টীকা দেওয়ার পর হওয়া সমস্যা:

- যেখানে টীকাটি দেওয়া হয়েছে সেই স্থানে ব্যাথা, লালভা বা ফোলা
- কর্কশতা
- ক্ষত, লাল বা চোখে চুলকানি
- কাশি
- জ্বর
- ব্যাথা
- মাথা ব্যথা
- মাথা ব্যাথা
- ক্লান্তি

যদি এধরনের সমস্যা দেখা দেয়, তাহলে এগুলি সাধারণত শটটি দেওয়ার পর মুহূর্তেই এবং শেষ 1 বা 2 দিনের মধ্যে দেখা দেবে।

নিচের এই ধরনের সমস্যা ফ্লু-এর টীকা দেওয়ার পর দেখা দিতে পারে:

- নিষ্ক্রিয় ফ্লু টীকা নেওয়ার পর গুলেন বার সিন্ড্রোমের (GBS) অল্প ঝুঁকি থাকতে পারে। এই ঝুঁকি টীকা নেওয়া লক্ষাধিক ব্যক্তির মধ্যে 1 বা 2 জনের হয় বলে অনুমান করা হয়। ফ্লু থেকে মারাত্মক সমস্যার থেকে কম, যা ফ্লু টীকা দ্বারা প্রতিরোধ করা যেতে পারে।
- যে সমস্ত ছেলে মেয়েদের ফ্লু টীকার পাশাপাশি নিউমোকোকাল ভ্যাকসিন (PCV13) এবং/অথবা DTaP ভ্যাকসিন একই সময়ে দেওয়া হয়েছে তাদের মধ্যে জ্বরের মাধ্যমে হৃদরোগের সমস্যা হওয়ার আশঙ্কা একটু বেশী থাকে। আরো তথ্যের জন্য আপনার ডাক্তারের সঙ্গে কথা বলুন। যে বাচ্চাটিকে ফ্লুর টীকা দেওয়া হচ্ছে তার যদি কোনদিন হৃদরোগ (সিজার) হয়ে থাকে তাহলে আপনার ডাক্তারকে তা জানান।

ইঞ্জেকশনের মাধ্যমে কোন টীকা নেওয়ার পরে যেসব সমস্যা দেখা দিতে পারে:

- টীকা সহ মেডিক্যাল পদ্ধতির পর মানুষ অনেক সময় মূর্ছা যেতে পারে। প্রায় 15 মিনিট ধরে বসে বা শুয়ে থাকলে মূর্ছা যাওয়া এবং পড়ে যাওয়ার ফলে হওয়া আঘাত প্রতিরোধ করা যেতে পারে। আপনার যদি মাথা ঘোরে, বা দৃষ্টি পরিবর্তন হয় বা কান বাজে তাহলে আপনার ডাক্তারকে জানান।
- কিছু ব্যক্তির কাঁধে প্রচন্ড ব্যাথা হয় এবং যেখানে টীকা দেওয়া হয়েছে সেই জায়গা নাড়াতে পারে না। এইরকম খুবই কম হয়।
- যে কোনো ওষুধ থেকে কয়েক ধরনের অ্যালার্জি জনিত প্রতিক্রিয়া দেখা দিতে পারে। টীকা থেকে এই ধরনের প্রতিক্রিয়া খুব কম হয়, প্রায় 1 লক্ষাধিক ডোজের মধ্যে একটি থেকে এবং টীকা দেওয়ার কয়েক মিনিট থেকে কয়েক ঘন্টার মধ্যে হয়।

যেকোন ওষুধের মতো, টীকা নেওয়ার ফলে আহত হওয়া বা মৃত্যু হওয়ার সম্ভাবনা খুবই দূরবর্তী।

টীকার নিরাপত্তার প্রতি সবসময় নজর দেওয়া হচ্ছে। আরও বেশি তথ্যের জন্য দেখুন: www.cdc.gov/vaccinesafety/

5 মারাত্মক প্রতিক্রিয়া দেখা দিলে কি হবে?

আমার কি খেয়াল রাখা উচিত?

- আপনার জন্য উদ্বেগের কারণ হতে পারে এমন সবকিছুর জন্য খেয়াল রাখুন, যেমন গুরুতর অ্যালার্জিক প্রতিক্রিয়ার লক্ষণ, খুব বেশি জ্বর, বা অস্বাভাবিক আচরণ হওয়া।

গুরুতর অ্যালার্জিক প্রতিক্রিয়ার লক্ষণগুলির মধ্যে হলো হাইভাস, মুখ এবং গলা ফোলে যাওয়া, শ্বাস নিতে কষ্ট হওয়া, হৃদ স্পন্দন (হার্ট বিট) বেড়ে যাওয়া, মাথা ঘুরা, এবং দুর্বলতা। টীকাকরণের পরের কয়েক মিনিট থেকে কয়েক ঘন্টার মধ্যে এগুলি শুরু হবে।

আমার কি করা উচিত?

- আপনার যদি মনে হয় যে এটি গুরুতর অ্যালার্জিক প্রতিক্রিয়া বা অন্য কোন জরুরীকালীন পরিস্থিতি যার জন্য অপেক্ষা করা যাবে না, 9-1-1 নম্বরে কল করুন এবং ঐ ব্যক্তিকে নিকটস্থ হাসপাতালে নিয়ে যান। অন্যথা, আপনার ডাক্তারকে ডাকুন।
- প্রতিক্রিয়া সম্পর্কে ভ্যাক্সিন অ্যাডভার্স ইভেন্ট রিপোর্টিং সিস্টেম \ [Vaccine Adverse Event Reporting System, (VAERS)] এ রিপোর্ট জানাতে হবে। আপনার ডাক্তার এই রিপোর্টটি ফাইল করতে পারেন অথবা আপনি নিজেই তা করতে পারেন VAERS ওয়েবসাইটের মাধ্যমে www.vaers.hhs.gov-তে গিয়ে অথবা 1-800-822-7967 নম্বরে কল করে।

VAERS চিকিৎসা পরামর্শ প্রদান করে না।

6 ন্যাশানাল ভ্যাকসিন ইনজুরি কমপেনসেশন প্রোগ্রাম (National Vaccine Injury Compensation Program)

ন্যাশানাল ভ্যাক্সিন ইনজুরি কমপেনসেশন প্রোগ্রাম (VICP) হলো একটি ফেডারাল প্রোগ্রাম যেটি নির্দিষ্ট কিছু টীকার দ্বারা আহত হওয়া লোকদের ক্ষতিপূরণ প্রদানের জন্য তৈরী করা হয়েছে।

যেসব ব্যক্তিদের মনে হয় যে তারা হয়তো টীকার কারণে আহত হয়েছেন তারা এই প্রোগ্রাম এবং একটি অভিযোগ দাখিল করা সম্বন্ধে 1-800-338-2382 নম্বরে কল করে বা VICP ওয়েবসাইট www.hrsa.gov/vaccinecompensation দেখে জানতে পারেন। ক্ষতিপূরণের অভিযোগ দাখিল করার জন্য সময়সীমা রয়েছে।

7 আমি কিভাবে আরো বেশী জানব?

- আপনার স্বাস্থ্য সেবা প্রদানকারীকে জিজ্ঞাসা করুন। তিনি আপনাকে টীকার প্যাকেজ দিতে পারে বা তথ্যের অন্য উত্স সম্পর্কে প্রস্তাব দিতে পারেন। 1-888-767-4687
- আপনার স্থানীয় বা স্টেট স্বাস্থ্য বিভাগে কল করুন।
- সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন \ [Centers for Disease Control and Prevention, (CDC)] তে যোগাযোগ করুন:
- 1-800-232-4636 (1-800-CDC-INFO) বা
- তে CDC's website at www.cdc.gov/flu ফ্লু CDC'-র ওয়েবসাইট দেখুন

Vaccine Information Statement
Inactivated Influenza Vaccine

08/07/2015

Bengali

Office Use Only



42 U.S.C. § 300aa-26